শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
ময়মনসিংহ বন বিভাগ
ময়মনসিংহ

স্মারক নং-২২.০১.০০০০.৬২৪.০৫.০৩৪.২২-১৩২ তাং- ১১/০১/২০২৩খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://dsfc.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাইতেছে। অনলাইনে (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হইবে না।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	যোগ্যতা	যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
১	ফরেস্ট গার্ড (বন প্রহরী)	২৯ (উনত্রিশ)	গ্রেড-১৭বেতন স্কেল টাকা ৯,০০০-২১,৮০০	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) উচ্চতা ১৬৩ সে. মি. ও বুকের মাপ ৭৬ সে. মি.।	ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলা। তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় ময়মনসিংহ বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করিতে পারিবেন।
২	অফিস সহায়ক	০৩ (তিন)	গ্রেড-২০ বেতন স্কেল টাকা ৮,২৫০-২০,০১০	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) সুস্বাস্থ্যের অধিকারী।	

আবেদন ফরম পূরণ ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত শর্তাবলী

১. আবেদন শুরুর তারিখে (১৮/০১/২০২৩ খ্রিঃ) আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়স সর্বোচ্চ ৩২ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য সর্বোচ্চ বয়স ৩০ বৎসর হইতে হইবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রহিয়াছে সে সকল প্রার্থীও আবেদন করিতে পারিবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নহে।

২. কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিয়া আবেদন করিতে হইবে।লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করিতে হইবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করিতে হইবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলিয়া গণ্য হইবে।

৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ

ক) পরীক্ষায় অংশ গ্রহণ ইচ্ছুক প্রার্থীকে https://alljobs.teletalk.com.bd/dsfc অথবা https://dsfc.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত আবেদনপত্র পূরণ করিতে হইবে। আবেদনের সময়সীমা নিম্নরুপঃ

i. Online আবেদন পত্র জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১৮/০১ /২০২৩ খ্রিঃ, সকাল ১০.০০ টা।
ii. Online আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ১৬/০২/২০২৩ খ্রিঃ, বিকাল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করিয়া নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হইতে হইবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক/শারীরিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাইবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহা হইলে পুনরায় আবেদন করিতে হইবে। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নহে বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তাহার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করিয়া রঙিন প্রিন্ট করিয়া সংরক্ষণ করিবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ (ক্রমিক নং-১ এবং ২ এর পদের জন্য) ১০০/- (একশত) টাকা ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকা মোট ১১২/- (একশত বার) টাকা (অফেরৎযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না।

প্রথম SMS: DSFC<space>**User ID** লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে।

Example: DSFC ABCDEF

Reply: Aplicant's Name, TK 112/- will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type DSFC <space>YES<space>PIN and Send to 16222\

দ্বিতীয় SMS: DSFC<space>**YES**<space>**PIN** লিখিয়া Send করিতে হইবে 16222 নম্বরে।

Example: **DSFÇ YES 12345678** Reply: Congratulation Aplicant's Name, payment completed succesfully for DSFC Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://dsfc.teletalk.com.bd অথবা বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল

ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হইলে রঙ্গিন) করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি বাছাই/লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

i. **User ID জানা থাকিলে ঃ**
DSFC<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222 নম্বরে।
Example: **DSFC HELP User ABCDEF**

ii. **PIN Number জানা থাকিলে:**
DSFC<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222 নম্বরে।
Example: **DSFC HELP PIN 12345678**

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হইলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়িলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(ঞ) Online এ আবেদন করিতে কোন সমস্যা হইলে যে কোন টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করুন। ইহা ছাড়া alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে। ইহা ছাড়াও টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com./alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাইবে।(Mail/Message এর Subject-এ Organization Name: DSFC. Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

৪. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে ঃ

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা(প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

ঘ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র (মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীকে আবেদনের সাথে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

চ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applican's Copy) ।

৫. সরকার নির্ধারিত নির্বাচনী কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হইবে। প্রার্থীদেরও এতদুদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী বাছাই, লিখিত, শারীরিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

৬. বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৯ অনুযায়ী ক্রমিক নং ১ এ বর্ণিত পদের প্রার্থীদের তফসিল ২ অনুযায়ী বাংলা, ইংরেজী, গণিত ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় এবং ক্রমিক নং ২ এ বর্ণিত পদের প্রার্থীদের তফসিল ৩ অনুযায়ী বাংলা, ইংরেজী ও গণিত বিষয়ে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

৭. সরকারী নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, মহিলা, উপজাতি, মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোটা ও জেলা কোটা ক্ষেত্রমতে যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

৮। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৯। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বন অধিদপ্তরের ওয়েব সাইট www. bforest.gov.bd এবং http://dsfc.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd/dsfc ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করিয়াও পাওয়া যাইবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bforest.gov.bd ওয়েবসাইট হইতে জানা যাইবে।

১০। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা দেওয়া হইবে না।

১২। নিয়োগের বিষয়ে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

১৩। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোন বিষয়ে সরকারি প্রচলিত আইন,সার্কুলার ও বিধি-বিধান অনুসরণ করা হইবে।

১৫। Online-এ আবেদন ও নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(এ.কে.এম রুহুল আমিন)
সদস্য সচিব
বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড
ময়মনসিংহ বিভাগ
ও
বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বন বিভাগ
ময়মনসিংহ।